

## স্মৃতিসৌধে জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা

- A Monitor Desk Report

Date: 15 February, 2026



ঢাকা : ত্রয়োদশ জাতীয় সংসদের প্রধানমন্ত্রী ও মন্ত্রীরা শপথ বাক্য পাঠের পর রীতি অনুযায়ী সাভার জাতীয় স্মৃতিসৌধে ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। এজন্য নতুন সংসদ সদস্যরা শ্রদ্ধা নিবেদন না করা পর্যন্ত সাধারণের প্রবেশ নিষেধাজ্ঞা আরোপ করেছে সৌধ কর্তৃপক্ষ।

রবিবার (১৫ ফেব্রুয়ারি) স্মৃতিসৌধের মূল ফটকে এ-সংক্রান্ত একটি নোটিশ টানানো দেখা যায়।

সৌধ কর্তৃপক্ষ জানিয়েছে, শপথবাক্য পাঠের পর যে কোনো দিন নতুন প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদের সদস্যরা স্মৃতিসৌধে আসবেন। এ জন্য সৌধ প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্নতার লক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে সর্বসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

পাশাপাশি প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলছে। নতুন প্রধানমন্ত্রী ও মন্ত্রীরা কবে নাগাদ সৌধে শ্রদ্ধা জ্ঞাপন করবেন তার চূড়ান্ত তারিখ ঠিক না হলেও সৌধ কর্তৃপক্ষ বলছে, যেদিন ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন সেদিন পর্যন্ত স্মৃতিসৌধে সর্বসাধারণের প্রবেশ বন্ধ থাকবে।

বিষয়টি নিশ্চিত করে এ বিষয়ে গণপূর্ত বিভাগের উপসহকারী প্রকৌশলী আনোয়ার হোসেন আনু বলেন, রীতি অনুযায়ী এবারও শপথবাক্য পাঠের পর প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদের সদস্যদের আগমন উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধ প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্নতার লক্ষ্যে সৌধে সর্বসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।